# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৯৪ : দলাদলির বিদ্যমানতা সত্ত্বেও ঐক্য গড়া সম্ভব কি? কোন মূলনীতির উপর ঐক্য গঠন করা ওয়াজিব?

উত্তর : দলাদলি রেখে ঐক্য গড়া সম্ভব নয়। কেননা সকল দল পরস্পর বিরোধী হয়ে থাকে। আর বিপরীতমুখী দু’টি বস্তু একত্র করণ বড়ই দূরূহ ব্যাপার।

আল্লাহ তা‘আলা বলেন,

{ وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعاً وَلا تَفَرَّقُوا }

তোমরা একত্রে আল্লাহর রজ্জুকে আঁকড়ে, ধরো এবং পরস্পরে বিছিন্ন হয়ো না। (সূরা আলি ইমরান আয়াত নং ১০৩)

আল্লাহ তা‘আলা দলাদলি থেকে বারণ করেছেন এবং এক অভিন্ন দলে এক্য গড়তে নির্দেশ প্রদান করেছেন। আল্লাহ তা‘আলা বলেন,

{ أَلا إِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْمُفْلِحُونَ }

জেনে রেখো, আল্লাহর দলই সফলকাম। (সূরা আল-মুজাদালাহ আয়াত নং ২২)

আল্লাহ তা‘আলা আরো বলেন,

{ وَإِنَّ هَذِهِ أُمَّتُكُمْ أُمَّةً وَاحِدَةً }

তোমাদের এই উম্মাহ একক উম্মাহ। (সূরা আল-মু‘মিনুন ৫২)

সুতরাং সালাফে সালেহীনের মানহাজ বিরোধী দল, ফিরকা এবং জামাতগুলোর কোনই ভিত্তি নাই। আল্লাহ তা‘আলা বলেন,

{ إِنَّ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعاً لَسْتَ مِنْهُمْ فِي شَيْءٍ }

যারা দীনে বিভক্তি সৃষ্টি করে এবং দলাদলি করে তুমি কোন বিষয়ে তাদের অন্তর্ভুক্ত নও। সূরা আল-আন‘আম আয়াত নং ১৫৯

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মাহর ৭৩ ফিরকা হতে বিভক্ত হওয়ার বিষয়ে বলেন,

( كلها في النار إلا واحدة)، وقال: ( من كان على مثل ما أنا عليه اليوم وأصحابي)

“প্রত্যেকেই জাহান্নামে যাবে শুধু একটি ফিরকা ছাড়া। (তারা হলো) বর্তমানে আমি এবং আমার ছাহাবীগণ যে পথের উপর রয়েছি এর উপর যারা থাকবে।[1]

সুতরাং এই একটি ফিরকা ছাড়া মুক্তি প্রাপ্ত আর কোন ফিরকা নেই; যাদের মানহাজ রসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম ও ছাহাবীগণের মানহাজ। মুক্তি প্রাপ্ত সেই একক ফিরকা ব্যতীত যত ফিরকা রয়েছে সবই উম্মাহর মাঝে বিভক্তি সৃষ্টি করে। ঐক্য স্থাপন করে না। আল্লাহ তা‘আলা বলেন,

{ وَإِنْ تَوَلَّوْا فَإِنَّمَا هُمْ فِي شِقَاقٍ }

আর যদি তারা বিমুখ হয় তাহলে তারা রয়েছে কেবল বিরোধিতায়। (সূরা বাকারাহ আয়াত নং ১৩৭)

ইমাম মালিক (রহ.) বলেন, এ উম্মাহর পূর্ববর্তীগণ যে কল্যাণ সাধন করেছেন তা বাদ দিয়ে পরবর্তীগণ কোন কল্যাণ সাধন করতে পারবে না।[2]

আল্লাহ তা‘আলা বলেন,

{ وَالسَّابِقُونَ الْأَوَّلُونَ مِنَ الْمُهَاجِرِينَ وَالْأَنْصَارِ وَالَّذِينَ اتَّبَعُوهُمْ بِإِحْسَانٍ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ وَأَعَدَّ لَهُمْ جَنَّاتٍ }

আর মুহাজির ও আনসারদের মধ্যে যারা অগ্রগামী ও প্রথম এবং যারা, তাদেরকে অনুসরণ করেছে সুন্দরভাবে, আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন আর তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট হয়েছে। এবং তিনি তাদের জন্য প্রস্তুত করেছেন জান্নাতসমূহ। (সূরা তাওবাহ আয়াত নং ১০০)

সুতরাং আমাদের কোন করণীয় হলো সালাফে সালেহীনের মানহাজের উপর ঐক্যবদ্ধ থাকা।

---

[1]. হাসান: তিরমিযী হা/২৬৪১, মুসনাদে আহমাদ, সুনানে নাসাঈ, সুনানে ইবনে মাজাহ হা/৩৯৯৩।

[2]. অত্র আছারটি ওয়াহব ইবনে কায়সান হতে বর্ণিত। আর ইমাম মালেক (রহ.) তার থেকে এটি উদ্ধৃত করেছেন। দেখুন আত-তামহীদ (১০/২৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13168

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন